The Bangladesh Monitor - A Premier Travel Publication

The Bangladesh Monitor
A Premier Travel Publication

# থাইল্যান্ডে ভিসা যাচাইয়ে নতুন কড়াকড়ি

- A Monitor Desk Report Date: 16 November, 2025




**ঢাকা : সাইবার অপরাধ দমনে জাতীয় অভিযানের অংশ হিসেবে বিদেশি অপরাধীদের ঠেকাতে ভিসা যাচাই-বাছাই আরও কঠোর করেছে থাইল্যান্ডের ইমিগ্রেশন ব্যুরো।**

সংস্থাটির মুখপাত্র পুলিশ কর্মকর্তা চেয়ংরন রিম্পাদি শুক্রবার (১৪ নভেম্বর)জানান, প্রধানমন্ত্রী অনুতিন চার্নভিরাকুল, জাতীয় পুলিশপ্রধান কিত্থারাত পুনপেচ□দুজনেরই নির্দেশনায় এই কড়াকড়ি চালু করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, ইমিগ্রেশন ব্যুরোর প্রধান পুলিশ লেফটেন্যান্ট জেনারেল পানুমাস বুনিয়ালুগ গত বুধবার কর্মকর্তাদের নিয়ে বৈঠক করেন। সেখানে বিদেশিদের ভিসামুক্ত প্রবেশ-সুবিধার অপব্যবহার রোধে নীতি বাস্তবায়নের পদ্ধতি নিয়ে আলোচনা হয়।

থাই ইমিগ্রেশন কর্তৃপক্ষ জানায়, পর্যটনের অজুহাতে বারবার দেশটিতে প্রবেশ ও প্রস্থানকারী বিদেশিদের এখন থেকে আরও কঠোর নজরদারিতে রাখা হবে।

পুলিশ কর্মকর্তা চেয়ংরন রিম্পাদি বলেন, অনেকেই ভিসামুক্ত প্রবেশ-নীতিকে, এক প্রবেশে সর্বোচ্চ ৯০ দিন থাকার সুযোগ, ‘ভিসা রান’-এর মাধ্যম হিসেবে ব্যবহার করেছে। ভিসা শেষ হওয়ার আগেই সীমান্ত পার হয়ে আবার দেশে ফিরে এসে প্রবেশাধিকার নতুন করার বিষয়টি এতদিন খুব সহজেই করা যেত।

পাতায়া, ফুকেট, হুয়া হিনের মতো প্রবাসী-ঘন এলাকায় নিকটবর্তী সীমান্তে নিয়ে যাওয়া ‘প্যাকেজ ট্রিপের’ বড় ব্যবসা গড়ে উঠেছে। সেখানে গিয়ে দ্রুত ভিসা-সংক্রান্ত আনুষ্ঠানিকতা সেরে নেওয়া যায়। অনেক প্রবাসী এভাবে বারবার পর্যটক ভিসা নবায়ন করে বহু বছর ধরে দেশটিতে আছেন।

এভাবে সহজ পুনঃপ্রবেশ-ব্যবস্থা অপরাধ চক্রের জন্যও ফাঁকফোকর তৈরি করেছে। কেউ অনলাইন প্রতারণা, কেউ অর্থ পাচার, কেউ চালাচ্ছে

অনুমতিহীন ব্যবসা□এসব কার্যক্রমে জড়ানোর সুযোগও মিলেছে।

এই ফাঁক বন্ধে বিমানবন্দর ও স্থলসীমান্তের ইমিগ্রেশন চেকপোস্টগুলো এখন থেকে কোনো যুক্তিসংগত কারণ ছাড়া দুবারের বেশি ভিসা রান করা যাত্রীদের প্রবেশে বাধা দেবে।

চলতি বছরের শুরু থেকে এখন পর্যন্ত প্রায় ২ হাজার ৯০০ জনকে ভিসা সুবিধার অপব্যবহারের কারণে থাইল্যান্ডে প্রবেশে বাধা দেওয়া হয়েছে।

-B